দৈনিক ইনকিলাব

তারিখ 12 SEP 2007
পৃষ্ঠা ৭ কলাম ৪

৩৭

# ইবি'র অধীনে ফাযিল ও কামিল শ্রেণীর সিলেবাস অনুমোদিত

ইবি রিপোর্টার : ইসলামী বিশ্ববিদ্যালয়ের অধীনে ফাযিল (ডিগ্রী) ও কামিল (মাস্টার্স) শ্রেণীর সিলেবাস অনুমোদিত হয়েছে। গতকাল (মঙ্গলবার) ভিসি প্রফেসর ফয়েজ মোহাম্মদ সিরাজুল হকের সভাপতিত্বে বিশ্ববিদ্যালয়ের ১৯৫তম সিন্ডিকেট সভায় সিলেবাসটি চূড়ান্তভাবে অনুমোদিত হয়। দেশের ফাযিল (ডিগ্রী) ও কামিল (মাস্টার্স) মাদ্রাসার অধ্যক্ষগণ বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অফিসের মাদ্রাসা শিক্ষা সেলে অফিস চলাকালে নির্ধারিত ফী ব্যাংক ড্রাফটের মাধ্যমে প্রদান করে সিলেবাস সংগ্রহ করতে পারবেন।